

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬১০

পর্ব-২৪: স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

### আরবী

وَعَنْ أَبِي قَتَادَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ رَآنِي فَقَدْ رَأَى الْحَقَّ»

### বাংলা

৪৬১০-[৫] আবৃ কতাদাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে আমাকে স্বপ্নে দেখেছে সে সত্যই দেখেছে। (বুখারী ও মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৯৯৬, ৬৯৯৭; মুসলিম (২২৬৭)-১১, আল জামি'উস্ সগীর ১১১৯৮, সহীহুল জামি' ৬২৫৩, দারিমী ২১৪০, সহীহ ইবনু হিব্বান ৬০৫১, আহমাদ ৭৫৫৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উল্লেখিত হাদীস সম্পর্কে 'উলামাগণ বলেছেন, যে ব্যক্তি স্বপ্নে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখবে তা সত্যই। চাই সে ব্যক্তি স্বপ্নটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যৌবনে উপনীত অবস্থায় দেখুক বা বৃদ্ধ বয়সে উপনীত অবস্থায় দেখুক। যদি তার স্বপ্ন দেখা এমন হয় যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মাথার চুল যতগুলো সাদা হয়েছিল স্বপ্নের মাঝে তাও দেখেছে তাহলেও তাঁর স্বপ্ন সত্যই। স্বপ্ন দেখলে তা সত্যই হবে। এতে মিথ্যার সম্ভাবনা নেই। (মিরকাতুল মাফাতীহ)

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয়, তা হলো অনেক 'উলামা বলেছেনঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে স্বপ্নে দেখলে তার গুণাবলী ও চারিত্রিক বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা থাকতে হবে। কেননা কোন জুব্বা, টুপি, পাগড়ী পরা লোকের আকৃতি ধরে শয়তান ধোঁকা দিতে পারে এবং নবী বলে দাবি করতে পারে- তাই এ ব্যাপারে সতর্ক থাকা আবশ্যক।



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন